সিনিয়র সিস্টেম এনালিষ্ট
- সিস্টেম এনালিষ্ট/ সিনিয়র প্রোগ্রামার
- প্রোগ্রামার
- মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
- সঃমেঃ ই-১/ সঃমেঃই-২
- নথি

ডাইরি নং
তারিখ 31/03/2021
স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
রক্ষণাবেক্ষণ অধিশাখা
www.rthd.gov.bd

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ও অধীনস্ত দপ্তর/সংস্থার NIS কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ এর তৃতীয় প্রান্তিক (জানুয়ারি-মার্চ, ২০২১) এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার নিমিত্ত অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী:

সভাপতি	:	মোঃ নজরুল ইসলাম সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তারিখ	:	২৩ মার্চ, ২০২১
সময়	:	বেলা ২.৩০ মিনিট
স্থান	:	অনলাইনে (জুম এ্যাপস)

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে এ বিভাগের NIS ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন, এ বিভাগ ও অধীন দপ্তর/সংস্থাসমূহের ২০২০-২০২১ অর্থবছরে NIS কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ও অধীন দপ্তর/সংস্থার NIS কর্ম-পরিকল্পনার ৩য় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং NIS বিবিধ বিষয় সম্পর্কে আলোচনার জন্য অদ্যকার এই সভা। এ বিভাগের NIS বিকল্প ফোকাল পয়েন্ট উপসচিব জনাব দীপঙ্কর মন্ডল জানান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের NIS কর্ম-পরিকল্পনার ২য় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি গত ১৩/০১/২০২১ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অধীন দপ্তর/সংস্থাসমূহ হতে প্রাপ্ত NIS কর্ম-পরিকল্পনার ২য় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতির উপর গত ২৬/০১/২০২১ তারিখে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট অতিরিক্ত সচিব (উন্নয়ন) এর সভাপতিত্বে সভার মাধ্যমে ফিডব্যাক প্রদান করা হয়। গত ২৪/১২/২০২০ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সর্বশেষ সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের হার শতভাগ। উক্ত সভার কার্যবিবরণী মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। গত ১৬/০৯/২০২০ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত মতে প্রতি মাসে অধীনস্ত দপ্তর/সংস্থার ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের নিয়ে NIS কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তার সভাপতিত্বে নিয়মিত মাসিক সভা করে অগ্রগতি পর্যালোচনা ও প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করা হচ্ছে এবং সুফল পাওয়া যাচ্ছে। এ প্রান্তিকে মাসিক অগ্রগতি পর্যালোচনা সভা ২৬/০১/২০২১, ১৭/০২/২০২১ ও সর্বশেষ ২১/০৩/২০২১ তারিখে অনুষ্ঠিত হয়। অতঃপর ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির তৃতীয় ত্রৈমাসিক প্রতিবেদন Zoom Platform-এ পর্যায়ক্রমে Power Point এ Screen Share এর মাধ্যমে উপস্থাপন করা হয়।

২.০ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ৯.১ ক্রমিকের শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রমের গণশুনানী অনুষ্ঠানের বিষয়ে আলোচনা হয়। আগামী প্রান্তিকে গণশুনানী অনুষ্ঠিত হবে।

২.১ বিআরটিএ'র NIS কর্ম-পরিকল্পনার ৩.২ ক্রমিকের রাইড শেয়ারিং সার্ভিস নীতিমালা ২০১৭ বাস্তবায়ন প্রসঙ্গে সভায় বিস্তারিত আলোচনা হয়।

২.২ ডিটিসিএ'র NIS কর্ম-পরিকল্পনার যে সকল কার্যক্রম এখনো পিছিয়ে আছে বিশেষত ৩.১ ক্রমিকের 'ডিটিসিএ আইন সংশোধনের খসড়া মন্ত্রণালয়ে প্রেরণ' এবং ৭.১ ক্রমিকের 'ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ' এর লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার উপর সভা গুরুত্বারোপ করে।

২.৩ বিআরটিসি'র NIS কর্ম-পরিকল্পনার যে সকল কার্যক্রম এখনো পিছিয়ে আছে বিশেষত ৯.৫ ক্রমিকের 'ডিপোসমূহের মাসিক মটিভেশনাল সভা' এর লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার উপর গুরুত্বারোপ করা হয়।

২.৪ সকল সংস্থার NIS কর্ম-পরিকল্পনার নিজস্ব 'শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম' বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

৩.০ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের NIS ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন, সভাপতি মহোদয়ের নির্দেশনা মোতাবেক NIS কর্ম-পরিকল্পনাভুক্ত কার্যক্রমসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য প্রতিমাসে Follow-up সভা করা হচ্ছে এবং মূলতঃ এটিই শুদ্ধাচার কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে ইতিবাচক অগ্রগতি অর্জনে সহায়ক হচ্ছে। এছাড়া তিনি আরো বলেন, সংস্থা প্রধানগণ যদি নতুন কিছু উদ্ভাবনী উদ্যোগ শুদ্ধাচারে অন্তর্ভূক্ত করতে আন্তরিক ভূমিকা রাখেন, তবে সেটি বড় একটি দৃষ্টান্ত হিসেবে গণ্য হতে পারে।

৪.০ সভাপতি বলেন, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে সকলের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। ২০২০-২০২১ অর্থবছরে NIS তৃতীয় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি সন্তোষজনক হওয়ায় সড়ক ও জনপথ অধিদপ্তর এবং ডিএমটিসিএল-কে সভাপতি ধন্যবাদ জ্ঞাপন করেন এবং এ ধারা অব্যাহত রাখার আশাবাদ ব্যক্ত করেন। সকল অর্জনের স্বপক্ষে প্রমাণক সংরক্ষণ এবং অগ্রগতি প্রতিবেদনের সাথে সেগুলো প্রেরণের উপর সভা বিশেষ গুরুত্বারোপ করেন। তবে যেসব কার্যক্রমের ক্ষেত্রে লক্ষ্যমাত্রা অর্জন এখানো পিছিয়ে আছে সেসকল লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে অর্জনের জন্যও সুনির্দিষ্ট দিক-নির্দেশনা প্রদান করেন।

৫.০ সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয় :

সিদ্ধান্ত :

ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়নে
(১)	NIS তৃতীয় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি সন্তোষজনক হওয়ায় সড়ক ও জনপথ অধিদপ্তর এবং ডিএমটিসিএল-কে ধন্যবাদ জ্ঞাপন করা হয়;	-
(২)	NIS কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কার্যক্রমসমূহের সকল অর্জনের স্বপক্ষে প্রমাণক সংরক্ষণ করতে হবে এবং অগ্রগতি প্রতিবেদনের সাথে প্রমাণকসমূহ নির্ধারিত সময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে;	শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সওজ/বিআরটিএ/বিআরটিসি/ ডিটিসিএ/ডিএমটিসিএল
(৩)	সকল সংস্থার লক্ষ্যমাত্রা অনুযায়ী ই-টেন্ডার কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতে হবে এবং অর্জনের স্বপক্ষে প্রমাণক সংরক্ষণ করতে হবে এবং অগ্রগতি প্রতিবেদনের সাথে প্রেরণ নিশ্চিত করতে হবে।	শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সওজ/বিআরটিএ/বিআরটিসি/ ডিটিসিএ/ডিএমটিসিএল
(৪)	সকল সংস্থার NIS কর্ম-পরিকল্পনার নিজস্ব 'শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম'-এ সেবার মান উন্নয়নে সকল সংস্থা প্রধানগণ নতুন উদ্ভাবনী উদ্যোগ শুদ্ধাচার অন্তর্ভূক্তির বিষয়ে বিশেষ উদ্যোগ গ্রহণ করবেন;	অধিদপ্তর/সংস্থা প্রধান, সওজ/বিআরটিএ/বিআরটিসি/ ডিটিসিএ/ডিএমটিসিএল
(৫)	সকল সংস্থা চলতি অর্থবছরের NIS কর্ম-পরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন নিশ্চিত করবে এবং আগামী অর্থবছরের NIS কর্ম-পরিকল্পনা প্রণয়নে বিশেষ উদ্যোগ গ্রহণ করতে হবে।	শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সওজ/বিআরটিএ/বিআরটিসি/ ডিটিসিএ/ডিএমটিসিএল/ঢাকা বিআরটি

৬.০ আর কোনো আলোচনা না থাকায় সাফল্যের ধারা অব্যাহত রাখার অনুরোধ জানিয়ে এবং ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভাপতি কর্তৃক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
২৯/৩/২০২১
(মোঃ নজরুল ইসলাম)
সচিব

স্মারক নং-৩৫.০০.০০০০.০১৫.০৬.০৬৮.২০-১৭৬

তারিখ : ১৫ ফাল্গুন, ১৪২৭
২৯ মার্চ, ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
০৩। অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৪। নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ, নগর ভবন, ঢাকা
০৫। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), এলেনবাড়ি, তেজগাঁও, ঢাকা
০৬। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি), পরিবহন ভবন, মতিঝিল, ঢাকা
০৭। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড, প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন, ঢাকা
০৮। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানী লিমিটেড, বাড়ী-৪, সড়ক-২১, সেক্টর-৪, উত্তরা, ঢাকা
০৯। যুগ্মসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ওয়েব সাইটের শুদ্ধাচার সেবাবক্সে প্রকাশের অনুরোধসহ)
০৩। অফিস কপি/মাস্টার কপি।

২৯/৩/২১

দীপঙ্কর মন্ডল
উপসচিব
ফোন : ৯৫১৪০৭৫
E-mail: dsmaintenance@rthd.gov.bd